

আমন মওসুমে ধানের টুংরো রোগ দমনে করণীয়

টুংরো ধানের ভাইরাসজনিত একটি ক্ষতিকর রোগ। যা সবুজ পাতাফড়িং এর মাধ্যমে ছড়ায়। আউশ ধানের জমি থেকে সবুজ পাতা ফড়িং আমনের বীজতলায় টুংরো ভাইরাসের বিস্তার ঘটাতে পারে। ফলে রোপা আমন মওসুমে এই রোগের আক্রমণের ব্যাপকতা বৃদ্ধি পেতে পারে।

- প্রাথমিক অবস্থায় জমিতে বিক্ষিপ্ত ভাবে দু একটি গাছে লক্ষণ দেখা যায়। আস্তে আস্তে আক্রান্ত গাছের সংখ্যা বাড়তে থাকে। পুরো গাছের পাতা হলদে বা কমলা হলদে রং ধারণ করে।
- চারা অথবা কুশি অবস্থায় আক্রান্ত হলে সুস্থ গাছের তুলনায় আক্রান্ত গাছ বেশি খাটো হয়।

সাধারণত চারা অবস্থায় বীজতলায় রোগের প্রাথমিক লক্ষণ দেখা যায় না। চারা রোপনের ৩০-৩৫ দিন পর টুংরো রোগের লক্ষণ প্রকাশ পায়, তখন রোগ দমন করার কোন সুযোগ থাকে না।

রোগ দমনে করণীয়-

- সহনশীল জাত যেমন বিআর২২, বিআর২৩, ব্রি ধান২৭, ব্রি ধান৩১, ব্রি ধান৩২, ব্রিধান৩৯ এবং ব্রি ধান৪১ চাষ করুন।
- নিয়মিত বীজতলা পরিদর্শন করে পোকাকার উপস্থিতি পর্যবেক্ষণ করুন।
- বিক্ষিপ্ত ভাবে দু একটি গাছে লক্ষণ দেখা দিলে, তুলে পুঁতে ফেলুন।
- পোকা উপস্থিতি থাকলে, হাতজালের সাহায্যে অথবা আলোক ফাঁদ ব্যবহার করে সবুজ পাতা ফড়িং মেরে ফেলুন।
- হাত জালের প্রতি টানে যদি একটি সবুজ পাতা ফড়িং পাওয়া যায় এবং আশে পাশে টুংরো রোগাক্রান্ত ধান গাছ থাকে, তাহলে বীজতলায় বা জমিতে কীটনাশক, যেমন মিপসিন, সেভিন অথবা ম্যালাথিয়ন অনুমোদিত মাত্রায় প্রয়োগ করুন।
- এ বিষয়ে আরো তথ্য জানতে ব্রি ওয়েবসাইটে www.knowledgebank-brrri.org ভিজিট করুন এবং স্থানীয় কৃষি অফিসে যোগাযোগ করুন।



চিত্র. ক) টুংরো রোগের বাহক পোকা ও
খ) টুংরো আক্রান্ত জমি



উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১



মোঃ আব্দুল লতিফ
গণ বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
ব্রি, গাজীপুর-১৭০১।